

শিবির সমর্থিত প্রার্থীদের বিরুদ্ধে আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনে ছাত্রশিবির সমর্থিত ‘সম্প্রীতির শিক্ষার্থী জোট’ প্যানেলের প্রার্থীদের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ দিয়েছে ‘বৈচিত্র্যের ঐক্য পর্ষদ’। শনিবার (১১ অক্টোবর) সকাল ১১টায় চাকসু ভবনে নির্বাচন কমিশনারের কার্যালয়ে প্রধান নির্বাচন কমিশনার বরাবর অভিযোগ জমা দেওয়া হয়।

লিখিত অভিযোগপত্রে বলা হয়, সম্প্রীতির শিক্ষার্থী জোট প্যানেলের জিএস প্রার্থী সাঈদ বিন হাবিব গত বুধবার (৮ অক্টোবর) সকাল ১১টার দিকে সমাজবিজ্ঞান অনুষদের ক্রিমিনোলজি বিভাগের শ্রেণিকক্ষ ১১২-তে গিয়ে নির্বাচনী প্রচারণা চালান, যা চাকসু কেন্দ্র ও হল সংসদ নির্বাচন আচরণবিধিমালা ২০২৫ এর ৪ (ঙ), ৬ (জ) লঙ্ঘন হয়েছে। এ ছাড়া একই

প্যানেলের সহ-সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক জিহাদ হোসাইন সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনী প্রচারণার সময় শুক্রবার (১০ অক্টোবর) দুটি ছবি পোস্ট করেন, যা নির্বাচন আচরণবিধিমালা ৫(গ) ১০(ক) লঙ্ঘন হয়েছে।

জিএস প্রার্থী সুদর্শন চাকমা বলেন, আমরা শিবির সমর্থিত প্যানেলের দুইটি অভিযোগ নির্বাচন কমিশনে জমা দিয়েছি। আমরা ধর্ম-বর্ণ-নির্বিশেষে ঐক্যবদ্ধ থাকতে চাই। তবে তাদের একজন মেয়েদের পোশাক পুরুষদের পরিয়ে আচরণবিধি লঙ্ঘন করেছেন। আমরা এর সুষ্ঠু তদন্ত দাবি জানাই।

এ ব্যাপারে প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক ড. মনির উদ্দিন বলেন, অভিযোগ পেয়েছি। আচরণবিধি কমিটি বিষয়টি খতিয়ে দেখবে। অভিযোগ প্রমাণিত হলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন বৈচিত্র্যের ঐক্য প্যানেলের এজিএস প্রার্থী জাকিরুল ইসলাম জসিম কমনরুম, ডাইনিং ও ক্যাফেটেরিয়া সম্পাদক প্রার্থী মোহাম্মদ আকিব, সহ-দপ্তর সম্পাদক প্রার্থী সজীব চন্দ্র দাস, কেন্দ্রীয় সদস্য প্রার্থী সিংইপ্রফ মারমা প্রমুখ।

